গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

# সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ২ আগস্ট ২০১৫, ১৮ শ্রাবণ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একাত্তরের পরাজয়ের প্রতিশোধ নিতেই বঙ্গবন্ধুকে হত্যা করা হয় : প্রধানমন্ত্রী

২। আকাশে লালসবুজ পতাকা, কণ্ঠে জাতীয় সঙ্গীত : সদ্যবিলুপ্ত ১১১ ছিটমহলে নতুন দিনের শুরু

৩। সাবেক ছিটমহলের ৭ হাজার ৮০০ পরিবারে বিদ্যুৎ দেবে আরইবি

৪। অবিলম্বে লাইসেন্সবিহীন ব্লাড ব্যাংক বন্ধের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

৫। বন্যাদুর্গত কোনো মানুষ না খেয়ে মরবে না : ত্রাণমন্ত্রী

৬। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা জানুয়ারি থেকে ১০ হাজার টাকা

৭। ৩১ প্রবাসীকে রেমিট্যান্স অ্যাওয়ার্ড প্রদান

৮। প্রবল বর্ষণে রাঙ্গামাটি ও বান্দরবানে পাহাড় ধসে নিহত ৭

৯। মহাসড়কে অটোরিকশা ও অযান্ত্রিক যান চলাচল নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবিতে অবরোধ বিক্ষোভ

১০। বিনিয়োগ বাড়ার জন্য দরকার সম্প্রসারণমূলক মুদ্রানীতি

১১। এইচএসসি পরীক্ষার ফলে সেরা কলেজের তালিকা থাকছে না

চলমান পাতা/২

১। একাত্তরের পরাজয়ের প্রতিশোধ নিতেই বঙ্গবন্ধুকে হত্যা করা হয় : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু হত্যাকাণ্ডকে জাতির ওপর আঘাত হিসেবে আখ্যায়িত করে বলেছেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের হামলা প্রকৃতপক্ষে শুধু একটি পরিবারের ওপরই হামলা ছিল না। একাত্তরের পরাজয়ের প্রতিশোধ নিতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করা হয়। তারা চেয়েছিল, বাঙালি জাতি যাতে আর কখনো মাথা উঁচু করে দাঁড়াতে না পারে। এ পরিকল্পনার অংশ হিসেবে ঘাতক চক্র ৩ নভেম্বর জেলখানায় জাতীয় চার নেতাকেও হত্যা করে। গতকাল ১ আগস্ট শনিবার ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনের সামনে সবুজ চত্বরে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

২। আকাশে লালসবুজ পতাকা, কণ্ঠে জাতীয় সঙ্গীত : সদ্যবিলুপ্ত ১১১ ছিটমহলে নতুন দিনের শুরু

গত ৩১ জুলাই শুক্রবার মধ্যরাতে বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় সম্পন্ন হয়। রাত ১২টা ১ মিনিটে আনুষ্ঠানিকভাবে দাসিয়ার ছড়াসহ প্রতিটি ছিটমহলে ৬৮টি মোমবাতি জ্বালিয়ে দীর্ঘ ৬৮ বছরের অপেক্ষার অবসান ঘটান ছিটের বাসিন্দারা। এসময় আনন্দ উল্লাস ও নাচে-গানে উদ্বেলিত হতে দেখা যায় ছিটবাসীদের। মশাল হাতে আনন্দ মিছিলসহ রাতভর চলে নানা অনুষ্ঠান। নতুন দেশ, নতুন পতাকা, নতুন জাতীয়তা পেয়ে বাঁধভাঙা আনন্দে মেতে উঠেন বাংলাদেশের এই নয়া নাগরিকরা। সূত্র- যুগান্তর (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৬)। ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, যায়যায়দিন, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। সাবেক ছিটমহলের ৭ হাজার ৮০০ পরিবারে বিদ্যুৎ দেবে আরইবি

সাবেক ছিটমহলের ৭ হাজার ৮০০ পরিবারে দ্রুত বিদ্যুৎ সংযোগের ঘোষণা দিয়েছে বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি)। ওই পরিবারগুলোকে বিদ্যুৎ সংযোগ দিতে ১৫০ কিলোমিটার নতুন লাইন নির্মাণে দ্রুত পদক্ষেপ নিতে কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড় ও লালমনিরহাট পল্লি বিদ্যুৎ সমিতির মহাব্যবস্থাপকদের নির্দেশ দিয়েছেন আরইবির চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মঈন উদ্দিন। গতকাল ১ আগস্ট শনিবার রাজধানীর খিলক্ষেতে বিআরইবির প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত জিএম সম্মেলনে আরইবি চেয়ারম্যান সংশ্লিষ্টদের এ নির্দেশনা দেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, সারাদেশে বিদ্যুৎ সেবা পৌঁছে দিতে আরইবি অনেক কাজ করছে। তবে গ্রাহক সন্তুষ্টির জন্য আরইবিকে আরো কাজ করতে হবে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৫), যুগান্তর (পৃ.৩,ক.৭), ইনকিলাব (পৃ.১,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১৯,ক.২)।

৪। অবিলম্বে লাইসেন্সবিহীন ব্লাড ব্যাংক বন্ধের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম অবিলম্বে সকল লাইসেন্সবিহীন ও মানহীন ব্লাড ব্যাংক বন্ধ করার নির্দেশ দিয়েছেন। তিনি এ লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আহ্বান জানান। গতকাল ১ আগস্ট শনিবার সচিবালয়ে নিরাপদ রক্ত পরিসঞ্চালন কার্যক্রম সংক্রান্ত এক সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী একথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), যুগান্তর (পৃ.২,ক.৪), জনকণ্ঠ (পৃ.৩,ক.৭), নিউজ টুডে (পৃ.৩,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.৩)।

৫। বন্যাদুর্গত কোনো মানুষ না খেয়ে মরবে না : ত্রাণমন্ত্রী

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলে কোনো মানুষ না খেয়ে মরবে না। বন্যাদুর্গত মানুষের জন্য ইতোমধ্যে চাহিদার অতিরিক্ত খাদ্য ও নগদ অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে। যারা বলেন সরকার বানভাসি মানুষের জন্য ত্রাণ পাঠায়নি, তাদের জেলা পর্যায়ে খোঁজ নিয়ে সঠিক তথ্য জানার জন্য ত্রাণমন্ত্রী অনুরোধ করেন। মন্ত্রী গতকাল ১ আগস্ট শনিবার তাঁর বাসভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.২,ক.৪), নিউজ টুডে (পৃ.৩,ক.২)।

৬। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা জানুয়ারি থেকে ১০ হাজার টাকা

শুধু ৬৫ বছরের উর্ধ্ব মুক্তিযোদ্ধারা নয়, এর চেয়ে বয়স যাদের কম অর্থাৎ অন্য সব মুক্তিযোদ্ধাকেও মাসিক সম্মানী ভাতা ১০ হাজার টাকা করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। আগামী বছরের জানুয়ারি থেকে মুক্তিযোদ্ধাদের সবাইকে ১০ হাজার টাকা করে ভাতা দেওয়া হবে। তবে এর আগে চলতি জুলাই মাস থেকে সব মুক্তিযোদ্ধাকে মাসিক ভাতা হিসেবে পাঁচ হাজার টাকা থেকে বাড়িয়ে আট হাজার টাকা করে দেওয়া হবে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.১), নিউজ টুডে (পৃ.২,ক.৬)।

৭। ৩১ প্রবাসীকে রেমিট্যান্স অ্যাওয়ার্ড প্রদান

বিশ্ব আর্থিক মন্দা এবং অভ্যন্তরীণ নানা প্রতিকূলতার মধ্যেও দেশে রেমিট্যান্স পাঠিয়ে অর্থনীতির স্থিতিশীলতা ধরে রাখায় ৩১ জন প্রবাসী ও অনিবাসীকে রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০১৪ প্রদান করেছে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ১ আগস্ট শনিবার রাজধানীর মিরপুরে বিবিটিএ'র কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তাদের হাতে

অ্যাওয়ার্ড তুলে দেয় কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। অনুষ্ঠানে জানানো হয়, বিশ্বের নানা প্রান্তে ছড়িয়ে থাকা প্রবাসী ও অনিবাসী বাংলাদেশিদের অবদানের স্বীকৃতি এবং ব্যাংকিং চ্যানেলে বৈদেশিক মুদ্রা পাঠানোকে উৎসাহিত করার লক্ষ্যেই এ সম্মাননা প্রদান করা হচ্ছে। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১),

৮। প্রবল বর্ষণে রাঙ্গামাটি ও বান্দরবানে পাহাড় ধসে নিহত ৭

প্রবল বর্ষণে পাহাড় ধসে বান্দরবানের লামা উপজেলা সদরের হাসপাতাল পাড়ায় গত ৩১ জুলাই শুক্রবার পাঁচ পরিবারের নিহত ছয়জনের লাশ উদ্ধার করা হয়েছে। আরও একজন নারীর লাশ এখনও মাটির নিচে চাপা পড়ে আছে। এছাড়া রাঙ্গামাটির কাউখালীতে পাহাড় ধসে একজনের মৃত্যু হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৫), সংবাদ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.৫), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.৪)।

৯। মহাসড়কে অটোরিকশা ও অযান্ত্রিক যান চলাচল নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবিতে অবরোধ বিক্ষোভ

মহাসড়কে গতকাল ১ আগস্ট শনিবার থেকে সিএনজি চালিত অটোরিকশা ও অযান্ত্রিক যান চলাচল নিষিদ্ধ করা হলেও সেটি পুরোপুরি বাস্তবায়ন করা যায়নি। বিভিন্ন এলাকায় এসব যান চলাচল বন্ধ করতে গিয়ে অটোরিকশা চালক ও মালিকদের প্রতিরোধের মুখে পড়তে হয় পুলিশকে। সরকারের এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানিয়ে বিভিন্ন সড়ক অবরোধ করে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছেন অটোরিকশার মালিক-শ্রমিকরা। এতে সংশ্লিষ্ট এলাকায় যান চলাচল বন্ধ হয়ে ব্যাপক যানজট দেখা দেয়। দুর্ভোগ ও বিড়ম্বনায় পড়েন সাধারণ যাত্রীরা। আগামী ১৩ আগস্ট থেকে সিএনজি চালিত অটোরিকশা ধর্মঘট কর্মসূচি ঘোষণা করেছে মালিক-চালকরা। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬)।

১০। বিনিয়োগ বাড়ার জন্য দরকার সম্প্রসারণমূলক মুদ্রানীতি

রাজনৈতিক স্থিতিশীলতার অভাব, স্থায়ী নীতিমালা এবং মানসম্মত বিনিয়োগ ব্যবস্থা না থাকায় দেশে নতুন বিনিয়োগ হচ্ছে না। এছাড়া সরকারি কর্মকর্তাদের মনোভাব, অবকাঠামো এবং বিদ্যুৎ ও জ্বালানি সমস্যা নতুন বিনিয়োগ না হওয়ার জন্য দায়ী বলে মতামত দিয়েছেন ব্যবসায়ী নেতারা। মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) মিলনায়তনে 'বাংলাদেশে নতুন বিনিয়োগ সম্ভাবনা' শীর্ষক এক সেমিনারে গতকাল ১ আগস্ট শনিবার ব্যবসায়ী নেতারা এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), প্রথম আলো (পৃ.৩,ক.২), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬)।

১১। এইচএসসি পরীক্ষার ফলে সেরা কলেজের তালিকা থাকছে না

আগামী ৯ আগস্ট প্রকাশিতব্য এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলে সেরা শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা থাকছে না। গতকাল ১ আগস্ট শনিবার আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বক্কর ছিদ্দিক এ তথ্য জানান। সূত্র-সমকাল (পৃ.১৯, ক.৭), ইনকিলাব (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.১), যুগান্তর (পৃ.২,ক.৮)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরের সময় ২০০ কোটি ডলারের ভারতীয় ঋণের ব্যাপারে যে চুক্তি হয়েছে তাতে সব প্রকল্পের ক্ষেত্রেই ৭৫ শতাংশ খরচ ভারতে করতে হবে এ কঠিন শর্তারোপ গ্রহণযোগ্য নয় উল্লেখ করে ভারতের সাথে আলোচনা করে ঋণের শর্ত শিথিল করার উদ্যোগ নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : রাজধানীতে বিপুল অর্থ ব্যয় করে নিম্নমানের সামগ্রী দিয়ে নতুন সড়ক তৈরি করার কিছু দিনের মধ্যেই বেশিরভাগ সড়ক চলাচলের অনুপযোগী হয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এর জন্য দায়ী জনগণের অর্থ লোপাটকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি;

গ. জনকণ্ঠ, সংবাদ : তিন দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলনে তৃণমূল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠায় জনপ্রতিনিধিদের সাথে একাত্ম হয়ে কাজ করতে জেলা প্রশাসকদের প্রধানমন্ত্রী যে নির্দেশনা দিয়েছেন তা যথাযথ বাস্তবায়নে সরকার ডিসিদের প্রয়োজনীয় সহযোগিতা দিয়ে তৃণমূলের জনগণের ভাগ্যোন্নয়নে আরও অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ঘ. সংবাদ : দেশের নাগরিকদের ধর্মীয় স্বাধীনতা ও মানবাধিকার রক্ষার স্বার্থে জামায়াত শিবিরসহ সব জঙ্গিগোষ্ঠীর বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঙ. যুগান্তর : সোনা চোরাচালান বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে গডফাদারদের ধরে কঠোর শাস্তি দেওয়া হলে চোরাচালান নির্মূল করা সম্ভব বলে মত প্রকাশ;

চ. ডেইলি স্টার, প্রথম আলো, সমকাল, যুগান্তর, ইনকিলাব : সম্প্রতি রাজধানীতে এক কিশোরীর শারীরিক লাঞ্ছনার ঘটনা তুলে ধরে আইন প্রয়োগকারী সংস্থাকে আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে দোষীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : ছিটমহল যুগের অবসানে এক নবযুগের সূচনা হল বলে অভিমত;

জ. ডেইলি সান : বুড়িগঙ্গা নদীর পাড় অবৈধ দখলমুক্ত করতে বুড়িগঙ্গা পাড় পুনরুদ্ধার প্রজেক্ট অনতিবিলম্বে

শুরু করার আহ্বান;

ঝ. নিউ নেশন : সড়ক-মহাসড়কে সিএনজিচালিত অটোরিকশা চলাচলের নিষেধাজ্ঞা কঠোরভাবে প্রয়োগের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে ব্যাংকিং সেক্টরের প্রশিক্ষণ অবকাঠামোতে মানবিক মূল্যবোধের বিষয়গুলোকে প্রশিক্ষণসূচিতে বেশি করে হাইলাইট করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'মৎস্য সম্পদ আহরণে চাই আরো জোরালো উদ্যোগ' শিরোনামের নিবন্ধে রেজাউল করিম খোকন সমুদ্র সম্পদ আহরণ এবং এর যথাযথ ব্যবহারের মাধ্যমে আমাদের অর্থনীতির চেহারা বদলে দেওয়া সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা